सत्यमेव जयते

# প্রাথমিক পাঠক্রম ও পাঠ্যসূচি

## (তৃতীয় শ্রেণি )

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

পরিকল্পনা ও নির্মাণ সহায়তা : বিশেষজ্ঞ কমিটি । বিদ্যালয় শিক্ষাদপ্তর

# পাতাবাহার (প্রথম ভাষা-বাংলা)

## তৃতীয় শ্রেণি

(আনুমানিক বয়স : ৮ +)

**(দ্বিতীয় শ্রেণির সামর্থ্যক্রমে বিভাজন)**
শোনা, বোঝা, বলা, পড়া, লেখা, দলগত কাজ, সৃজনমূলক কাজ, উদ্ভাবনী চিন্তা ও কল্পনাশক্তির বিকাশ, পার্থক্যীকরণ, ব্যাখ্যাকরণ ও নামকরণ, অনুমান করার ক্ষমতা, চিহ্নিতকরণ ও নামকরণ, পঞ্জীকরণ, তুলনা এবং বৈপরীত্য সম্পর্কে ধারণা ব্যবহার করার ক্ষমতা, সংগ্রহ, বর্ণনা, শ্রেণিকক্ষে পরীক্ষা-নিরীক্ষাপর্যবেক্ষণ, মডেল তৈরি করা, ডায়াগ্রামের মাধ্যমে প্রকাশের ক্ষমতা, নথিভুক্তিকরণ, চরিত্রায়ণ, কার্য-কারণ সম্পর্ক নির্ণয়, বিশ্লেষণ ও সংশ্লেষণ যুক্তাক্ষব বর্ণ বিশ্লেষণ, যতি চিহ্ন, শ্রুতলিখন।

**পাঠ্যপুস্তকের ভাবমূল : প্রচলিত গল্পকথার জগৎ**

## কাঙ্ক্ষিত সামর্থ্য

**শোনা**
ছড়া, ধাঁধা
গল্প, কবিতা
মনীষীদের জীবনকথা
অপরিচিত পরিবেশের নানান কথা, যেমন – খবর, ঘটনার বর্ণনা ইত্যাদি।

**দেখা**
যুক্তাক্ষর, যতিচিহ্ন ইত্যাদি
ছবি— স্থিরচিত্র, চলচ্চিত্র ইত্যাদি
নাটক,পুতুলনাচ ইত্যাদি
পরিবেশ পর্যবেক্ষণ।

**বলাবলি**
ছড়া, ধাঁধা, কবিতা, গল্প ইত্যাদি
মনীষীদের জীবন কথা
পরিচিত ও অপরিচিত পরিবেশের নানান কথা
কোন কিছু বুঝে অন্যান্যদের বোঝানো
প্রশ্ন তৈরি করা, উত্তর দেওয়া
পক্ষে-বিপক্ষে কথা বলা
ক্যুইজ, সংলাপ।

**পড়া**
স্পষ্ট উচ্চারণে পড়া— যতিচিহ্নের বোধ সহ
সরব পাঠ, নীরব পাঠ সহ বুঝে উত্তর করা
বাইরের পাঠ (কবিতা, ছড়া, গল্প, বর্ণনা ইত্যাদি) পড়া
খবর পড়া ও বোঝা এবং বলতে পারা।

**লেখা**
শব্দ, বাক্য— দেখে, শুনে, নিজের থেকে এবং নির্দেশিত বিষয়ে শ্রুতলিখন
জানা ও অজানা বিষয়ে প্রশ্নের উত্তর লেখা (ছোটো/মাঝারি—জ্ঞান/বোধমূলক)
নির্ভুলভাবে বর্ণ, শব্দ, বাক্য ইত্যাদি
গল্প শুনে/পড়ে—ছবি দেখে— নাটক দেখে —ঘটনা দেখে/শুনে কথায় কিছু লেখা

**বোধ ও প্রয়োগ**
শিক্ষার্থী দেখা, শোনা প্রভৃতি ইন্দ্রিয় প্রত্যক্ষজাত অভিজ্ঞতা থেকে একক ও সমবেতভাবে জ্ঞান গঠন করবে এবং জ্ঞান ও বোধের স্তর পেরিয়ে লব্ধ জ্ঞানকে প্রয়োগ করতেও শিখবে। এইভাবে তার সংশ্লেষণী ও বিশ্লেষণী ক্ষমতারও প্রসার ঘটবে। সাধারণ বোধের চর্চার মাধ্যমে পরিপার্শ্ব ও পরিস্থিতিকে অনুধাবন ও ব্যাখা করার ক্ষমতাও তৈরি হবে।

**শিল্পকর্ম, সৃজনাত্মক কর্মকাণ্ড গুলি প্রথম ভাষার সঙ্গে সম্পৃক্ত থাকতেই হবে।**

## পাঠ্যপুস্তকে যে যে বিষয়ে লক্ষ রাখা হয়েছে

* সহজ ও সচিত্র।
* বিষয়বস্তুর ভারে ভারাক্রান্ত নয়।
* পাঠক্রম পাঠ্যসূচি যুগোপযোগী ও বাস্তবানুগ, আধুনিক।
* শিক্ষার্থীদের মানসিক স্তরের বিষয়টি ভাবনায় রেখে তৈরি।
* জ্ঞানের জন্য, কর্মদক্ষতা অর্জনের জন্য, প্রকৃত মানুষ হয়ে গড়ে ওঠার জন্য একত্রে বাঁচতে শেখা বিশেষ গুরুত্ব পেয়েছে।
* মনীষীদের চিন্তাধারা ও শিক্ষাদর্শের প্রতিফলন।
* শ্রেণিদিবসের সঙ্গে সংগতি।
* পরিবেশ সচেতনতা, স্বাস্থ্য, অভ্যাস, লিঙ্গ-সাম্য, মূল্যবোধের শিক্ষার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।
* শিক্ষার্থীকেন্দ্রিকতা।
* সৌন্দর্যবোধের জাগরণ।
* শ্রম ও শ্রমজীবীদের প্রতি শ্রদ্ধা।
* অন্ধবিশ্বাস ও কুসংস্কারমুক্ত দৃষ্টিভঙ্গি গঠন।
* মানুষের সঙ্গে মিলেমিশে থাকা ও সুসম্পর্ক গড়ে তোলা—সমানাধিকার।
* ঘরের ভাষাকে চলিত মান্য ভাষায় রূপান্তরিত করতে পারা।
* কোনো নতুন বিষয় সম্পর্কে স্বচ্ছ ও স্পষ্ট ধারণা লাভ।

**মৌখিক : শোনা-বোঝা-বলা**

যুক্তাক্ষর চেনা ও বলতে পারা, বর্ণনা, বিবরণ, কথার খেলা, শব্দছক, ধাঁধাঁ, অপরিচিত পরিবেশের কথাবার্তা—শুনে-বুঝে নিজের ভাষায় বলতে পারা, গল্প বলা-কবিতা আবৃত্তি করা—

**পড়া / লেখা**

বই পড়তে পারা, স্পষ্ট উচ্চারণে যুক্তাক্ষরসহ পড়তে পারা/লিখতে পারা, যতিচিহ্ন ঠিক রেখে অন্যান্য বই পড়ার সামর্থ্য ও আগ্রহ, প্রশ্নের উত্তর দিতে পারা, শব্দ-বাক্য-শ্রুতলিখন, নির্দেশিত বিষয়ের উপর কিছু লিখতে পারা, বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর লিখতে পারা, বর্ণবিশ্লেষণ করতে পারা। শব্দার্থ, শূন্যস্থান পূরণ, বিপরীতার্থক শব্দ, সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ, অন্ত্যমিল খোঁজা, একই ধরনের ধ্বনির উচ্চারণ দিয়ে নতুনশব্দ লেখা।

* বিভিন্ন অঞ্চলের কাহিনির মাধ্যমে মানুষের জীবনচর্চা, সংস্কৃতির সঙ্গে পরিচয়।

## পাঠ্য নির্বাচনের ক্ষেত্র

(১) স্বনামধন্য বিখ্যাত লেখক কবি সাহিত্যিকদের /লেখকদের প্রতি শ্রদ্ধা ও তাঁদের লেখার প্রতি আগ্রহ সৃষ্টি।

(২) প্রচলিত গল্প-রূপকথার মাধ্যমে প্রকৃতির প্রতি ভালোবাসা, ন্যায়পরায়ণতা, সততা, সাহসিকতা, সহযোগিতা, সহমর্মিতা, দেশের প্রতি ভালোবাসা, বিজ্ঞান মনস্কতা, কল্পনাশক্তির জাগরণ, মজা ও হাসির ছড়া এবং দেশাত্মবোধক, প্রকৃতি বিষয়ক, লোকজীবন-নির্ভর গান— প্রভৃতির মাধ্যমে সাহিত্য রসবোধের সৃষ্টি করা হয়েছে।

* মনীষীদের জীবনকথা—(যেমন 'নিজের হাতে নিজের কাজ')
* ধ্রুপদী সাহিত্য— (যেমন 'নৌকাযাত্রা')।
* সমস্ত মানুষকে মর্যাদাদান আর গণতান্ত্রিক চেতনা গড়ে তোলার প্রতি বিশেষ নজর রাখা হয়েছে।
* তৃতীয় শ্রেণির বইটিতে নানা ছড়ায়, কবিতায়, গানে, গল্পে, নাটকে তুলে ধরা হয়েছে প্রকৃতির সৌন্দর্য, লাবণ্য,

এবং ঋতু পরিবর্তনের বৈচিত্র্য, আর তার সঙ্গে যুক্ত রয়েছে মানব মনের বহুমাত্রিক কল্পনা। শিক্ষার্থীরা তৃতীয় শ্রেণির বইতে পড়বে রূপকথা, বন্ধুত্ব আর সহানুভূতির গল্প, প্রকৃতি ও পরিবেশ চেতনা ,শ্রমের মর্যাদা, স্বদেশ, বিভিন্ন ঋতু পর্যায়ের গান, মনীষীদের চরিত কথা, বাংলা সহ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের প্রচলিত লোকজীবনের আখ্যান। এছাড়াও বইটিতে রয়েছে তরুণের স্বপ্ন, মজার ছড়া, শিক্ষামূলক কবিতা এবং সর্বোপরি খেয়ালি কল্পনার প্রশস্ত , মুক্ত, সমৃদ্ধ জগৎ। বইটিকে এমনভাবে গড়ে তোলা হয়েছে, এর 'হাতে-কলমে' অংশগুলিকে নির্মাণ করা হয়েছে যাতে মুখস্থবিদ্যার চর্চা থেকে শিক্ষার্থী সরে আসতে পারে। বইটি স্ব-শিখনের পথে তাদের এগিয়ে দেবে এবং পারস্পরিক সহযোগিতার মনোভাব তাদের মধ্যে গড়ে তোলার পাশাপাশি ব্যক্তিগত দক্ষতা অর্জনের পথেও সহায়কের ভূমিকা পালন করবে।

বইটিতে ব্যাকরণ চর্চার মধ্যে রয়েছে বানান-বিধি পরিচিতি, সমার্থক শব্দ পরিচিতি, বর্ণ বিশ্লেষণ, এলোমেলো বর্ণ সাজিয়ে শব্দ তৈরি, বাক্য রচনা করা, বিপরীতার্থক শব্দ তৈরি, একই অর্থের অন্য শব্দ পাঠ থেকে খুঁজে নেওয়া, ধ্বন্যাত্মক শব্দ ও তার প্রয়োগ,শব্দছক ও শব্দের অন্যান্য খেলা প্রভৃতি। এছাড়াও প্রতিটি পাঠের শেষে জ্ঞান, বোধ, প্রয়োগ, দক্ষতামূলক প্রশ্নের সম্ভার সুচিন্তিতভাবে বিন্যস্ত করা হয়েছে।

পাঠগুলির সঙ্গে ঋতু পর্যায়ের একটি সুস্পষ্ট যোগসূত্র বজায় রাখার চেষ্টা করা হয়েছে। আবার স্বাধীনতা দিবসের প্রেক্ষিতে 'দেশের মাটি' কবিতাটি পড়ানোর জন্য বিবেচিত হতে পারে। পাঠ্যপুস্তকের বিন্যাসটিই এমন যে সময়ের সঙ্গে বিষয়ের পারম্পর্য রক্ষা করে পঠন-পাঠন চলবে। পাঠ্য পুস্তকের সঙ্গে ছাত্রছাত্রীদের জীবন অভিজ্ঞতা, চারপাশের প্রকৃতি আর বিস্তৃত বিশ্বভুবনকে যুক্ত করার চেষ্টায় শিক্ষক-শিক্ষিকাদের সহায়কের ভূমিকা নিতে হবে।

## ভাষা পাঠ

বইটির শেষ অংশে সংযোজিত হয়েছে 'ভাষাপাঠ' নামের আধুনিক ভাষাবিজ্ঞান সমর্থিত ব্যাকরণ শিক্ষার প্রথম পাঠ। বাক্য দিয়ে শুরু বাক্য-শব্দ-বর্ণ-ধ্বনি এবং ধ্বনি-বর্ণ-শব্দ-বাক্য— এভাবে। এই দুই প্রক্রিয়ায়। মাস্টারমশাইয়ের সঙ্গে শিক্ষার্থীদের কথোপকথনের ঢঙে। যাতে তা হয় পড়ুয়ার মনের কাছাকাছি। যে জীবন-কেন্দ্রিক শিক্ষা-আদর্শের প্রতিফলন গোটা বইটিতে ঘটেছে, ব্যাকরণও সেই পথের অনুগামী। এই পাঠও হবে চর্চা-নির্ভর, আনন্দদায়ক ও সহজবোধ্য।

## বই প্রসঙ্গে

১) বইটির সমস্ত রচনাই চলিত ভাষায় লেখা। কোনো সাধুরীতিতে লেখা গদ্য অথবা কবিতাকে চলিতে রূপান্তরিত করে মূল রচনার বিকৃত, অনভিপ্রেত রূপটিকে লেখকের নামে মুদ্রিত করার চেষ্টা করা হয়নি।

২) শিক্ষার্থীর মানসিক ক্রমবিকাশের বিভিন্ন স্তরকে লক্ষ রেখে বিষয়বস্তু , ভাষা ও শব্দ ব্যবহার করা হয়েছে। প্রচুর অজানা শব্দেব অর্থ জানানো হয়েছে।

৩) বক্তব্য বিষয়কে স্পষ্ট করতে, শিক্ষার্থীর রুচিকে জাগিয়ে তুলতে ও নান্দনিকতার প্রতি লক্ষ রেখে বইগুলিকে সুসজ্জিত/ সুচিত্রিত করা হয়েছে।

৪) বিভিন্ন ভাগে প্রশ্ন ও ভাষার আলোচনা বিষয়ক প্রশ্নাবলি দেওয়া রয়েছে।

৫) প্রচুর অজানা শব্দের অর্থ, শিক্ষার্থীর রুচিকে জাগিয়ে তুলতে ও শোনার আনন্দের প্রতি লক্ষ রেখে সুসজ্জিত/ সুচিত্রিত বই তৈরি হয়েছে।

৬) শিক্ষার্থীর মধ্যে সাহিত্য রসবোধ ও সৌন্দর্যচেতনা জাগিয়ে তোলার চেষ্টা হয়েছে।

৭) বইটিতে সাহিত্য পরিবেশনের পাশাপাশি শিক্ষার্থীর ভৌগোলিক, ঐতিহাসিক এবং সামাজিক বোধ ও জ্ঞানের প্রসারের দিকে নজর দেওয়া হয়েছে।

৮) কাজ/শ্রমের মর্যাদা সম্পর্কে বলা হয়েছে।

৯) নিজের অভিজ্ঞতা, কোনো ঘটনা /চিত্রকে ভাষায় প্রকাশ করতে উৎসাহ দেওয়া হয়েছে।

১০)　রূপকথার গল্প রাখা হয়েছে।

১১)　শিক্ষার্থী বইটির সাহায্যে গান গাইতে শিখবে/স্পষ্ট উচ্চরণে ছন্দবোধ সহ ঐকতান সৃষ্টিতে প্রয়াসী হবে।

১২)　বিভিন্ন জীবিকা সম্পর্কে জানবে ও সকলের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে উঠবে।

১৩)　মনীষীদের জীবনকথা পড়বে।

১৪)　প্রচলিত গল্পকথার চরিত্র সম্পর্কে ধারণা লাভ করবে।

১৫)　সমধর্মী অন্যান্য রচনা একই গুচ্ছে পড়তে পারবে যাতে ধারণার সুদৃঢ়করণ ঘটবে।

১৬)　কল্পনা প্রবণতা উৎসাহিত হবে।

১৭)　পরিবেশ সচেতনতা লাভ করবে।

১৮)　মূল্যবোধের শিক্ষা পাবে।

১৯)　সুশিক্ষা পাবে,সদাচারণ শিখবে।

২০)　দেশপ্রেম জাগ্রত হবে।

২১)　প্রকৃতিবোধ গড়ে উঠবে।

২২)　ভাষা পাঠ অংশে বর্ণ-ধ্বনি আর বাক্যের কথা জানবে।

## শিক্ষক-শিক্ষিকা যে যে বিষয়ে যত্নবান হবেন

* আকর্ষণীয় গল্প বলুন, শিক্ষার্থীকে গল্প বলতে উদ্বুদ্ধ করুন।
* আলোচনার পরিস্থিতি তৈরি করুন।
* সৃজনাত্মক কাজে উৎসাহ দিন।
* উৎসব, ভ্রমণ, মেলা, প্রদর্শনী দেখতে উৎসাহ দিন— সে বিষয়ে তাদের অভিজ্ঞতার আদান-প্রদান ঘটতে দিন।
* খেলাধুলো, আবৃত্তি, বিতর্ক, তাৎক্ষণিক বক্তৃতা, গল্প বলা প্রতিযোগিতার আয়োজন করুন।
* নিজে লিখে বা সংগ্রহ করে তাদের উপযোগী কবিতা-গল্প পড়তে দিন যাতে শিখন প্রক্রিয়াটি প্রাণময় ও অর্থপূর্ণ হয়ে ওঠে।
* শিক্ষার্থীর ব্যক্তিত্বের বিকাশ ও তার ইতিবাচক মনোভাবের প্রতি দৃষ্টি দিন।
* প্রশ্ন করতে উৎসাহ দিন।
* কথা বলার প্রবণতাকে উৎসাহ দিন।
* শিক্ষার্থীদের মৌলিক লেখার প্রতি গুরুত্ব দিন।
* কোথাও বেড়াতে যাওয়ার অভিজ্ঞতা, বিশেষ অনুষ্ঠান নিয়ে কয়েকটি বাক্য স্বাধীনভাবে লেখা, কোনো পড়া/শোনা গল্পকে বড়ো/ছোটো করে বলা/ লেখা অভ্যাস করান।
* শিশুদের উপযোগী পত্রপত্রিকা পড়তে দিন।
* লক্ষ রাখুন যাতে তারা উপযুক্ত শব্দ ব্যবহার শেখে, বানান যাতে শুদ্ধ হয়, উচ্চারণ যাতে যথাযথ ও স্পষ্ট হয়, ছেদ-যতি সহ পড়তে পারে, সৃজনশীল কাজে উৎসাহ পায়—সংযুক্ত বর্ণের পরিচিতি ও উচ্চারণ সম্পর্কে দক্ষ হয়, হাতের লেখা যাতে স্পষ্ট হয়।
* অবশ্যই শ্রুতলিখন অভ্যাস করাবেন। সঙ্গে রচনার ভাবসম্বলিত ছবি আঁকতে দিন।

# Butterfly (2nd language-English)

## Class III

### Competency : Developing listening and speaking skills

- listening and reciting rhymes and rhyme-songs for joyful experience, developing appropriate English pronunciation as well as stress, accent and intonation for articulation; listening to stories from fables, folk tales, popular fairy tales for pleasure, comprehension and for developing values of life; participating in a quiz contest; participating in language games (e.g. riddles, crossword etc.); telling a story using picture-cards/a set of pictures in sequence; describing animals/objects of the learner's social environment; interacting with peers about personal experience/incidents/likes/dislikes; participating in conversation

### Competency : Developing reading skill

- reading rhymes/songs for pleasure; reading stories, folk tales (like tales from Hitopodesh, Panchatantram etc. ) and fables (e.g. Aesop's Fables) for enjoyment, value education and developing creative skill; reading narrative and descriptive writings for pleasure, comprehension and knowledge construction through questioning, experimenting and inferring

### Competency : Developing writing skill

- enlisting items/objects; encoding and decoding information; describing an animal/bird/fish in meaningful coherent sentences; narrating an incident occurred some time ago

### Competency : Developing functional skills (grammar and vocabulary)

- ability to identify and use Noun, Verb, Adjective, Possessive Adjective, Past tense, Number and Gender in meaningful sentences; ability to differentiate between Regular and Irregular Verbs, Subject and Predicate, the use of 'can' and 'cannot'; ability to transform Singular Number to Plural Number, Present tense to Past tense; ability to use '-s' in third person singular number in present tense; reinforcing the skill to use have/has and am/is/are in sentences

- developing vocabulary skill by identifying the sounds of animals and their babies; matching synonyms and antonyms; rearranging letters to form meaningful words; selecting the 'odd person out'; solving crossword puzzles; constructing words by joining syllables; discovering the distinct colour of flowers and fruits (reinforcement); listing words in alphabetical order; counting and writing English numbers in words and figures (reinforcement) ; identifying the days of the week, seasons of West Bengal, months of a year, names of family relationship (reinforcement)

### Competency : Developing critical thinking and creative skills

- observing and identifying domestic and wild animals, birds, insects and fish; exploring some essential features of animals/birds ( i.e. sounds, babies, body parts, habits and habitats of animals and birds); discovering the sources of water, use and misuse; discovering the usefulness of trees in our environment; exploring the uses of wheels in our daily life and discussing about their importance

- drawing and colouring pictures of animals and exploring their essential characteristics; labeling the body parts of animals and birds; making clay models of animals; making masks of animals and participating in role-play; making pin-wheel and paper boats for pleasure

## Textbook

'Butterfly: English Text book for class III'

**(New edition published by W.B.B.P.E.)**

## Syllabus For Three Summative Evaluations

***1st Summative Evaluation:***

1. Revision Lesson ( approx. 25 periods)
2. Lesson 1: My friends ( approx.22 periods)
3. Lesson 2: Animal Meeting( approx.15 periods)

***2nd Summative Evaluation:***

4. Lesson 3: The Grasshopper and the Ants ( approx.18 periods)
5. Lesson 4: Know your Birds ( approx.20 periods)
6. Lesson 5: Water ( approx.22 periods)
7. Lesson 6: The World under Water( approx.16 periods)

***3rd Summative Evaluation:***

8. Lesson 7: Our Green Friends ( approx.21 periods)
9. Lesson 8: The Journey of Wheels ( approx.20 periods)
10. Lesson 10: Moving Around ( approx.21 periods)

# আমাদের পরিবেশ

## তৃতীয় শ্রেণি

| একক | উপ একক | কাম্য সামর্থ্য<br>গুরুত্বপূর্ণ মন্তব্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য |
|---|---|---|---|
| শরীর | ক) মানুষের দেহ : প্রধান বাহ্যিক অঙ্গ ও তাদের কাজ | খেলাধুলার মতো আনন্দদায়ক বিষয়ের চর্চার মাধ্যমে হাত ও পায়ের নানা অংশ, কান, নাক, ইত্যাদি ও সেগুলির কাজ সম্পর্কে ধারণা লাভ। | ১) অংশগ্রহণ করা (যেমন: দলগত পাঠ করা, নিজে পাঠ করা, অন্যের পাঠ শোনা, আলোচনায় অংশ নেওয়া, ঠিকভাবে নিজের বক্তব্য লেখা ইত্যাদি) |
| | খ) দেহের যত্ন ও সুঅভ্যাস গঠন<br>গ) হাঁটা, সাঁতার কাটায় ও খেলায় ব্যবহৃত অঙ্গের নাম | হাত ও পায়ের নানা অংশ, কান, নাক ইত্যাদি পরিষ্কার করার উপায় বুঝতে পারবে।<br>১) সাঁতার ও নানা রকমের শরীরচর্চায় শরীরের কান অঙ্গ সচল হয় সে বিষয়ে সম্পর্কে জানবে।<br>২) শরীরচর্চাকে কীভাবে আনন্দময় করে তোলা সে বিষয়ে ধারণা লাভ করবে। | ২) প্রশ্ন করা ও পরীক্ষা করা (যেমন: পাঠ্যে যা বলা হয়েছে তার সঠিকতা যাচাই করার জন্য নিজের ও বন্ধুদের অভিজ্ঞতা বিষয়ে চিন্তা ও আলোচনা করা, নতুনভাবে পরীক্ষা করা ইত্যাদি।)<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা ( যেমন: শরীরের যত্ন বিষয়ে জানার উদ্দেশ্য হলো সেই মতো শরীরের যত্ন নেওয়া এটা বুঝতে পারা ও বাস্তবে তা করা) |
| | ঘ) বিভিন্ন ইন্দ্রিয় ও তাদের কাজ | ১) নিজেদের অভিজ্ঞতা সঙ্গে মিলিয়ে মিলিয়ে বিভিন্ন ইন্দ্রিয়ের বৈশিষ্ট্যমূলক প্রাথমিক কাজ সম্পর্কে ধারণা লাভ করবে।<br>২) একটা ইন্দ্রিয় অকেজো হলে অন্য ইন্দ্রিয় তার কাজ করে দেয় সে বিষয়ে ধারণা লাভ করবে।<br>৩) নিজে ঠিকমতো চোখে দেখো কিনা সে বিষয়ে ধরণা লাভ করবে।<br>৪) ইন্দ্রিয়গুলোর সঙ্গে 'মন' বা মস্তিষ্কের যোগাযোগ আছে এবিষয়ে প্রাথমিক ধারণা লাভ করবে।<br>৫) চারপাশের প্রভাবে কোন ইন্দ্রিয় কীভাবে সাড়া দেয় তা নিজেদের অভিজ্ঞতা দিয়ে বোঝা যায়, এই ধারণা লাভ করবে। | ৪) সমানুভূতি ও সহযোগিতা (যেমন: পরিবারে পারস্পরিক সহযোগিতার কথা শরীরের ইন্দ্রিয়গুলোর পারস্পরিক সহযোগিতা ইত্যাদি আলোচনা করে সমানুভূতি ও কীভাবে সহযোগিতার গুরত্ব বোঝা, স্কুলে বন্ধুর সমস্যা নিজে অনুভব করতে পারা ও তাকে সাহায্য করার প্রবণতা লাভ করা ইত্যাদি)<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা (আলোচনায় প্রাসঙ্গিক ও বৈচিত্র্যময় বিষয় তুলে ধরা, ছবি এঁকে নানা বিষয় বোঝাতে পারা ইত্যাদি) |
| | ঙ) চেনা পরিবেশের অন্যান্য প্রাণীর শরীর | ১) গ্রাম ও আধা শহর অঞ্চলের গৃহপালিত ও পরিবেশে সহজলভ্য নানা ধরনের প্রাণীর শরীরের সাধারণ বৈশিষ্ট্যের সম্পর্কে ধারণা লাভ করবে।<br>২) নিজেদের পর্যবেক্ষণের উপর নির্ভর করতে শিখবে। বিভিন্ন বৈশিষ্ট্যে অনুসারে প্রাণীদের শ্রেণিবিভাগ করতে শিখবে। | বিভিন্ন জীব সম্পর্কে সমানুভূতি ও সহযোগিতা অনুভূতি লাভ করবে। এই বোধ পরে জীববৈচিত্র্যের প্রয়োজনীয়তা সম্পর্কে আরো আলোচনার ভিত্তি গড়ে তুলবে। |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | চ) মানুষের দেহের সঙ্গে অন্য প্রাণীদেহের মিল | ১) সকলের চেনা প্রাণী থেকে শুরু করে কারো কারো চেনা যেসব প্রাণীদের সঙ্গে মানুষের দেহগঠনের মিল আছে তা জানাবে।<br>২) চার পা-এর তুলনায় দুই হাত দুই পা থাকার সুবিধা বুঝবে। মানুষের বুদ্ধি অন্য প্রাণীদের মধ্যে কার বুদ্ধি কম আর কার বুদ্ধি বেশি তা বিচারে নিজের অভিজ্ঞতা কাজে লাগানোর চেষ্টা করবে। | পরবর্তীকালে আদিম মানুষ ও বিবর্তন সম্পর্কে জানার সময় এই ধারণা ‘পূর্বজ্ঞাত ধারণা কাঠামো’ হিসাবে কাজ করবে।<br><br>ভালোভাবে হাত ব্যবহার করাই যে মানুষের বির্বতনের প্রধান ধাপ, পরে একথা জানার সময় এই ধারণা ‘পূর্বজ্ঞাত ধারণা বুদ্ধি কাঠামো’ হিসাবে কাজ করবে। |
| খাদ্য | ক) মানুষের খাবার: আমাদের পরিচিতি খাবারের নাম<br>খ) বিভিন্ন প্রকার উদ্ভিজ্জ খাদ্যের নাম ও প্রাসঙ্গিক ধারণা | ১) খাদ্য চেনায় শরীর কীভাবে অভ্যস্ত তা বুঝবে ও খাদ্যের নানা স্বাদের কথা জানবে।<br>১) খাদ্য বলতে কী বোঝায় সে সম্পর্কে কিছুটা স্পষ্ট ধারণা হবে।<br>২) মানুষের খাদ্য না হলেও কিছু জিনিস অন্য প্রাণীদের খাদ্য—এই ধারণা তৈরি ইত্যাদি।)<br>৩) খারাপ খাদ্য ও অখাদ্য সম্পর্কে ধারণা তৈরি হবে।<br>৪) উদ্ভিদের কোন কোন অংশ খাদ্য সে বিষয়ে ধারণা গড়ে উঠবে।<br>৫) উদ্ভিজ্জ খাদ্যের ওষধিগুণ সম্পর্কে প্রাথমিক ধারণা তৈরি হবে।<br>৬) ফল, রস ও জল খাওয়া বিষয়ে ধারণা তৈরি হবে। সব ফল খাদ্য নয়— এই ধারণা গড়ে উঠবে। | অংশগ্রহণ ( যেমন: দলগত পাঠ করা, অন্যের পাঠ শোনা, আলোচনায় অংশ নেওয়া, ঠিকভাবে নিজের বক্তব্য লেখা ইত্যাদি)<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা (যেমন: পাঠ্যে যা বলা হয়েছে তার সঠিকতা যাচাই করার জন্য নিজের ও বন্ধুদের অভিজ্ঞতা বিষয়ে চিন্তা ও আলোচনা করা, নতুনভাবে পরীক্ষা করা হবে।<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা (যেমন: যেসব জিনিস মানুষের খাদ্য নয় খাদ্য কিন্তু অন্য প্রাণীরসেগুলো তাদের দেওয়া উচিত এটা বুঝতে পারা ও বাস্তবে তা করা, খাদ্যের প্রয়োজনেই কৃষিকাজ করা— এটা বুঝতে পারা ইত্যাদি।)<br><br>৪) সমানুভূতি ও সহযোগিতা (যেমন: পরিবার ও পাড়ার মানুষদের পারস্পরিক সহযোগিতার কথা ইত্যাদি।) |
| | গ) বিভিন্ন প্রকার প্রাণীজ খাদ্যের নাম ও প্রাসঙ্গিক ধারণা | ১) নানারকম প্রাণীজ খাবার সম্পর্কে ধারণা তৈরি হবে।<br>২) নিজেদের চেনা কোন প্রাণীর থেকে আমরা কী খাদ্য পাই তা বুঝতে পারবো।<br>৩) প্রাণীজ খাবার কাঁচা খাওয়া যায় না, কোনো না কোনো ভাবে তাকে খাবারে পরিণত করতে হয়—একথা বুঝবে। | ৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা (আলোচনায় প্রাসঙ্গিক ও বৈচিত্র্যময় বিষয় তুলে ধরা, ছবি এঁকে নানা বিষয় বোঝাতে পারা ইত্যাদি।) |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | ঘ) প্যাকেট করা তৈরি খাদ্য | ১) প্যাকেট করা তৈরি খাদ্য ভাজা বা ঐ ধরনের কোনো প্রক্রিয়ায় তৈরি একথা বুঝবে।<br>২) প্যাকেট করা তৈরি খাদ্য কিছুদিন পর থেকে খারাপ হতে শুরু করে এবং অনেকদিন হয়ে গেলে তা খাওয়ার অযোগ্য হয়ে যায়—একথা বুঝবে। | |
| | ঙ) রন্ধন | ১) রান্না করতে গেলে আগুন ও অন্যান্য কী কী উপকরণ লাগে সে বিষয়ে ধারণা তৈরি হবে। নিজেদের দেখা ও শোনা ঘটনা থেকে এই সব উপকরণের ইতিহাস সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে। | |
| | চ) খাদ্য বিনিময় | ১) সব জায়গায় সব খাদ্য হয় না, আগেও হতো না, ফলে খাদ্য বিনিময় শুরু হয়েছিল অনেক আগে—এই ধারণা গড়ে উঠবে। | |
| | ছ) পশুপালন ও রন্ধন | ১) খাদ্যের জন্য পশুপালন ও আগুন ব্যবহারের ইতিহাস সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে। | |
| পোষাক | ক) মানুষের পোষাক: পরিধেয় বিভিন্ন পোশাক ও তার রং | ১) বয়সভেদে ও লিঙ্গভেদে মানুষের পোশাকের বৈচিত্র্য সম্পর্কে জানবে ও অনুসন্ধিৎসু হবে। গরমের দেশে অধিকাংশ সময়ে মানুষ কী ধরনের পোশাক পরে তা বুঝতে পারবে।<br>২) মানুষের পোষাকের সঙ্গে অনেক সময় তার কর্মক্ষেত্র পরিচয় যুক্ত থাকে—এ বিষয়ে ধারণা লাভ করবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা<br>৪) সমানুভূতি ও সহযোগিতা<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা |
| | খ) শীতকাল ও বছরের অন্যান্য সময়ের পোষাক | ১) শীতকাল, বর্ষাকাল, গরমকাল — এমন বিভিন্ন ঋতুতে কী ধরনের পোষাকের ব্যবহার হয় সে বিষয়ে জানবে ও আরো অনুসন্ধান করবে। | |
| | গ) বর্তমান পোশাকের উপাদান ও উৎস | ১) বর্তমানে ব্যবহৃত বিভিন্ন পোশাকের উপাদান ও সেই উপাদানগুলোর কৃষিজ বা প্রাণীজ উৎস সম্পর্কে জানবে ও আরো অনুসন্ধান করবে।<br>২) কীভাবে কৃষিজ বা প্রাণীজ উপাদান থেকে নানা প্রক্রিয়ার পোশাক পরিণত হয় সে বিষয়ে প্রাথমিক ধারণা লাভ করবে ও আরো অনুসন্ধান করায় উৎসাহ পাবে। | |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | ঘ) প্রাচীন মানুষের পোশাক | ১) বর্তমানে শিশুরা কী পরে এবং পরিবারের বয়স্করা ছোটবেলায় কী পরতেন সে বিষয়ে ধারণা তৈরি হবে ও আরো আগে কী হয়ে থাকতে পারে সে বিষয়ে ভাববে।<br>২) অনেক কাল আগেকার পরিস্থিতিতে মানুষ কী ধরনের পোশাক পরত ও সেই পোশাকের উপাদান কী ছিল — এসব বিষয়ে যুক্তিসংগত অনুমান করতে পারবে।<br>৩) গৃহপালিত পশুদের কী ধরনের পোশাক পরানো হয় সে বিষয়ে ধারণা লাভ করবে। পশুরা পোশাক না পেলে শীত থেকে বাঁচার জন্য কী করে সে বিষয়ে ধারণা পাবে ও আরো অনুসন্ধান করবে। | |
| বাসস্থান | ক) মানুষের বাসস্থান: বিভিন্ন আকৃতির বাড়ি | ১) প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পেতে বাসস্থানের প্রয়োজন সম্পর্কে ধারণা তৈরি হবে।<br>২) নিজের চেনা অঞ্চলে মানুষের নানা ধরনের বাসস্থান সম্পর্কে কেমন হয় তা বুঝতে ও বলতে পারবে।<br>৩) নিজের অচেনা অঞ্চলের বাসস্থান সম্পর্কে জানবে, কল্পনা করতে পারবে ও আরো অনুসন্ধানে উৎসাহী হবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা<br>৪) সমানুভূতি ও সহযোগিতা<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা (মানচিত্র যে বাড়ি ও তার চারপাশকে সুন্দরভাবে সুন্দরভাবেবোঝায় তা বুঝতে পারবে ও নিজে ঐ সৌন্দর্যসৃষ্টিতে উৎসাহী হবে ইত্যাদি।) |
| | খ) বাড়ির ও পাশ্ববর্তী অঞ্চলের উপাদান | ১) বাড়ির দেওয়াল, দরজা-জানলা ইত্যাদি নানা উপাদান ও পাশের পরিবেশের গাছপালা ইত্যাদি বিষয়ে সচেতন হবে। কোন উপাদান কী কারণে দরকার তা বুঝতে পারবে।<br>২) বাড়ি ও তার পার্শ্ববর্তী অঞ্চল কীভাবে ছবি ও সহজ মানচিত্র দিয়ে বোঝানো যায় সে বিষয়ে ধারণা লাভ করবে। মানচিত্রে দিক দেখানোর গুরুত্ব বুঝতে পারবে। | |
| | গ) বাড়ির গঠনগত বিভিন্ন অংশ ও তার গুরুত্ব | ১) বাড়ির গঠনগত মিল বুঝতে পারবে। | |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | ঘ) বাড়ি তৈরিতে ব্যবহৃত উপাদান | ১) এখানকার বাড়ি তৈরিতে ব্যবহৃত মূল উপাদানগুলো কী কী বুঝতে পারবে।<br>২) বাড়ি তৈরিতে আগেকার দিনে কী ব্যবহার করা হতো তা নিয়ে অনুসন্ধান করবে।<br>৩) কীভাবে বাড়ি তৈরি হয় এবং তা করতে কী ধরনের যন্ত্রপাতি লাগে তা জানবে ও তা নিয়ে অনুসন্ধানে আগ্রহী হবে।<br>৪) বাড়ি তৈরিতে ও বাড়ির ব্যবহৃত নানা আসবাব পত্রের মূল উপাদানগুলো যে একই ধরনের তা বুঝতে পারবে। | |
| | ঙ) আধুনিক মানুষের বাড়ি | ১) এখনকার মানুষ বাড়িতে যেসব জিনিস ব্যবহার করে তা জানবে ও তা নিয়ে আরো অনুসন্ধান করবে। | |
| | চ) বাড়ির পার্শ্ববর্তী অঞ্চলের উপাদান | ১) বাড়ি তৈরির উপযোগী জায়গা বিষয়ে ধারণা করতে পারবে। বাড়ির পাশের পরিবেশ কেমন হলে ভালো হয় সে বিষয়ে ধারণা করতে পারবে।<br>২) বিভিন্ন অঞ্চলে বাড়ি করার উপযোগী জায়গা খুঁজতে কী কী বিষয়ে লক্ষ্য রাখতে হয় তা বুঝবে ও তা নিয়ে আরো সন্ধান করবে। | |
| | ছ) দুর্যোগপ্রবণ অঞ্চলের বাড়ি | ১) কী কী ধরনের দুর্যোগ বাড়ির ক্ষতি করে সে বিষয়ে ধারণা করতে পারবে।<br>২) বাড়ি তৈরির সময় কোন দুর্যোগের মোকাবিলা করতে কী ধরনের সাবধানতা নেওয়া দরকার সে বিষয়ে প্রাথমিকভাবে কিছুটা জানবে ও আরো সন্ধান করবে। | |
| | জ) প্রাচীন মানুষের বাড়ি | ১) বিভিন্ন দুর্যোগে গৃহহীন হওয়ার সমস্যা সম্পর্কে জানবে। মানুষ যখন বাড়ি তৈরি করতে শেখেনি তখন কোথায় ও কীভাবে থাকত তা নিয়ে প্রাথমিক ভাবে কিছুটা জানবে ও আরো সন্ধান করবে।<br>২) না-মানুষ প্রাণীরা বাড়ি তৈরি করে কিনা এবং কীভাবে বাস করে তা নিয়ে প্রাথমিকভাবে কিছুটা জানবে ও আরো সন্ধান করবে। | |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
| --- | --- | --- | --- |
| পরিবার | ক)পরিবার: পরিবারের সদস্য, তাদের নাম ও পারস্পরিক সম্পর্ক | ১)পরিবারের মানুষদের পরিচয় মনে রাখার ও অন্যকে জানানোর সহজ পদ্ধতি হিসাবে পরিবারের শাখাপ্রশাখার ধারণা গঠন। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা<br>৪) সমানুভূতি ও সহযোগিতা<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা |
| | খ) মানুষের পরিবার: নিকট আত্মীয়দের নাম ও তাদের বাসস্থান | ১) পরিবারের সদস্য ও নিকট আত্মীয় সম্পর্কে ধারণা গঠন করতে পারবে। পরিবারের সদস্যদের মধ্যে সহযোগিতার সম্পর্ক বিষয়ে ধারণা লাভ করবে। | |
| | গ) প্রাণীর পরিবার | ১) প্রাণীদের পরিবার বিষয়ে ধারণা লাভ করবে। | |
| | ঘ) বর্তমান মানুষের বাসস্থান | ১) গ্রাম ও শহরের মানুষের ঠিকানা বিষয়ে বুঝবে ও নিকট আত্মীয় ও বন্ধুদের ঠিকানা লিখতে শিখবে। চিঠি দেওয়া-নেওয়া ও পোস্টঅফিস সম্পর্কে ধারণা লাভ করবে। নিজের বাড়ি থেকে ও স্কুল থেকে পোস্টঅফিস যাওয়ার পথের মানচিত্র আকঁতে শিখবে। ঠিকানা দেখে অচেনা জায়গায় কীভাবে যাওয়া যায় সে বিষয়ে প্রাথমিক ধারণা লাভ করবে। | |
| | ঙ) পরিবারের সদস্যদের জীবিকা পরিবর্তন | ১) নানা ধরনের জীবিকা সম্পর্কে জানবে ও আরো সন্ধান করবে।<br>২) আগেকার দিনে কী কী জীবিকা ছিল, কীভাবে জীবিকা বদলায় ও কিছু জীবিকা লুপ্ত হয়ে যায় এবং কিছু জীবিকা সৃষ্টি হয় সে বিষয়ে কিছুটা জানবে ও আরো সন্ধান করবে। | |
| আকাশ | ক) দিন ও রাতের আকাশ | আকাশকে পর্যবেক্ষণ ও নিরীক্ষণ করতে শিখবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা।<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা।<br>৪) সমানুভূতি ও সহযোগিতা।<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা। |
| | খ) সূর্যের অবস্থান ও দিক নির্ণয় | ১) আকাশ সম্পর্কে ধারণা তৈরি হবে।<br>২) সূর্যের অবস্থান সম্পর্কে অবহিত হয়ে দিক করতে শিখবে। | |
| | গ) সূর্য ও পৃথিবী | ১) দিন ও রাতের মধ্যে পার্থক্য নিরুপন করবে।<br>২) দিনের আকাশ ও রাতের আকাশকে পর্যবেক্ষণ করবে এবং আরো অনুসন্ধানে আগ্রহী হবে। | |
| | ঘ) সূর্যের অবস্থান ও সময়ের পরিবর্তন | ১) দিনের বিভিন্ন সময়ে নিজের ছায়ার কী পরিবর্তন ঘটে তা পর্যবেক্ষণ করবে।<br>২) সময়ের পরিবর্তনের সাথে সূর্যের অবস্থানের কি পরিবর্তন ঘটে সে সম্পর্কে জানবে। | |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | ঙ) অমাবস্যা ও পূর্ণিমা | ১) রাতের আকাশকে পর্যবেক্ষণ করবে এবং চাঁদের অবস্থান ও উপস্থিতি সম্পর্কে ধারণা নির্মাণ করবে।<br>২) বিভিন্ন সময়ে চাঁদের বিভিন্ন আকৃতি পর্যবেক্ষণ করবে।<br>৩) অমাবস্যা ও পূর্ণিমা সম্বন্ধে ধারণা লাভ করবে।<br>৪) শুক্ল পক্ষ ও কৃষ্ণ পক্ষ সম্পর্কে ধারণা নির্মাণ করবে। | |
| | চ) তারা বা নক্ষত্র | ১) রাতের আকাশে তারাদের অবস্থান ও আকৃতি সম্বন্ধে ধারণা নির্মাণ করবে।<br>২) ছায়াপথ সম্পর্কে জানবে, কল্পনা করবে ও আরো অনুসন্ধানে উৎসাহী হবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা।<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা।<br>৪) সমানুভূতি ও সহযোগিতা।<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা। |
| ছ) | মেঘ ১) | আকাশে মেঘের আসা-যাওয়া পর্যবেক্ষণ করবে।<br>২) মেঘ কী দিয়ে তৈরি সে বিষয়ে জানবে।<br>৩) মেঘে মেঘে ঘষা লাগলে কি হয় সে বিষয়ে জানবে এবং নিজের এলাকার বিভিন্ন জায়গায় বাজ পড়ার ঘটনার সাথে যুক্তিসংগত অনুমান করতে পারবে। | |
| | জ) আকাশে রঙের ছটা | ১) আকাশের রংধনুর বিভিন্ন রং সম্বন্ধে প্রাথমিক ধারণা তৈরি করবে।<br>২) আকাশের রংধনু সৃষ্টির কারন সম্বন্ধে প্রাথমিক ধারণা লাভ করবে। | |
| স্বাস্থ্য | ক) সম্পদ ও স্বাস্থ্য | ১) সুস্থ শরীরের জন্য বায়ামের প্রয়োজনীয়তা উপলব্ধি করবে।<br>২) নিজের শরীর স্বাস্থ্যকে সুস্থ ও সুন্দর রাখার ধারণা তৈরি হবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা।<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা।<br>৪) সমানুভূতি ও সহযোগিতা।<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা। |
| | খ) সম্পদ ও জল, বায়ু, মাটি | ১) আমাদের বেঁচে থাকার জন্য জল বায়ু মাটি যে প্রকৃতির প্রধান সম্পদ সে বিষয়ে অবহিত হবে।<br>২) আমাদের বেঁচে থাকার জন্য জলের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা তৈরি হবে। | |

| একক | উপ একক | কাম্য সামর্থ্য | মূল্যায়নের ক্ষেত্র ও শিখন বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ মন্তব্য |
|---|---|---|---|
| | | ৩) জলের অপচয় রুখতে ও জল সঞ্চয় করতে উদ্যোগ গ্রহণ করবেন।<br>৪) চারপাশের সবুজ সম্পদের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা লাভ করবে। | |
| | গ) সম্পদ ও হাতের কাজ | ১) মানুষের সৃষ্টি করা সম্পদ বিষয়ে প্রাথমিক ধারণা লাভ করবে।<br>২) প্রকৃতির মধ্যে ছড়ানো নানাবিধ উপাদান কিভাবে শিল্প সৃষ্টিতে কাজে লাগে সে বিষয়ে ধারণা লাভ করবে। | |
| সাবধানতা | ক) সাধারণ নিরাপত্তাবিধি: পথচলা | ১) গ্রাম ও শহরে রাস্তা পার হওয়া সম্পর্কে সজাগ হবে।<br>২) রাস্তাঘাটে নিজের নিরাপত্তা বিষয়ে সচেতন থাকবে। | ১) অংশগ্রহণ<br>২) প্রশ্ন করা ও পরীক্ষা করা।<br>৩) তাৎপর্য উপলব্ধি ও প্রয়োগ করা।<br>৪) সমানুভূতি ও সহযোগিতা।<br>৫) সৃজনশীলতা ও সৌন্দর্য সচেতনতা। |
| | গ) প্রতিদিনের ব্যবহার্য যন্ত্রপাতি নিরাপত্তাবিধি | ১) দৈনন্দিন জীবনে ব্যবহৃত নানাবিধ যন্ত্রপাতির ব্যবহার বিষয়ে সাবধানতা অবলম্বন করার ধারণা লাভ করবে। | |
| | ঘ) বিদ্যুৎ, আগুন ও জলের নিরাপত্তাবিধি | ১) বিদ্যুৎ, আগুন ও জল থেকে বিপদের সম্ভাবনা সম্বন্ধে অবহিত হবে।<br>২) নিজের সাবধানতা নিজে কিভাবে অবলম্বন করবে সে বিষয়ে স্বনির্ভর হতে উৎসাহ পাবে। | |

## তিনটি পর্যায়ক্রমিক মূল্যায়নের জন্য নির্ধারিত পাঠ্যসূচি

১) প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন: শরীর, খাদ্য (পৃ.১—৫০)

২) দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন: পোশাক, ঘরবাড়ি, পরিবার (পৃ.৫১—১১১)

৩) তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন: আকাশ, সম্পদ, সাবধানতা (পৃ.১১২—১৫৩)

# আমার গণিত

## তৃতীয় শ্রেণি

**পর্যায়ক্রমিক মূল্যায়নের জন্য নির্ধারিত পাঠ্যসূচি ও কাঙ্ক্ষিত সামর্থ্য**

## প্রথম পর্ব

### (১) পূর্বপাঠের পুনরালোচনা

দুই অঙ্কের সংখ্যার যোগ, বিয়োগ (< ১০০), এক অঙ্কের সংখ্যার সাথে এক অঙ্কের গুণ, দুই অঙ্কের সংখ্যাকে ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যা দিয়ে ভাগ, দুই অঙ্কের বাস্তব সংখ্যা তৈরি ও সমাধান, সংখ্যার বিন্যাস।

### (২) বড়ো সংখ্যা চেনা ও তা ব্যবহার করতে শেখা

* তিন অঙ্কের সংখ্যার প্রয়োজন বোধ তৈরি করা।
* তিন অঙ্কের সংখ্যা অঙ্কে ও কথায় প্রকাশ করতে শেখা।
* সংখ্যার ছোটো-বড়ো বিচারের পদ্ধতি আবিষ্কার করা।
* ঐ পদ্ধতি প্রয়োগে দুই/তিন অঙ্কের সংখ্যার ছোটো বড়ো বিচার, চিহ্ন দিয়ে ছোটো বড়ো প্রকাশ করতে শেখা।
* দুটি তিন অঙ্কের সংখ্যার যোগ-বিয়োগ করতে শেখা।
* একটি তিন অঙ্কের সংখ্যা ও আর একটি এক / দুই / তিন অঙ্কের সংখ্যার যোগ-বিয়োগ করতে শেখা।
* তিনটি তিন /দুই /এক অঙ্কের সংখ্যার যোগ করতে শেখা। (যোগফল ৯৯৯ বা তার কম হবে।)
* একটি তিন অঙ্কের সংখ্যা ও আর একটি এক /দুই /তিন অঙ্কের সংখ্যার যোগ-বিয়োগ বিষয়ক বাস্তব সমস্যা তৈরি করা এবং মানসাঙ্কের মাধ্যমে /অঙ্ক কষার মাধ্যমে সমাধান করতে শেখা।
* দুই ও তিন অঙ্কের সংখ্যাকে ৫ পর্যন্ত এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করতে শেখা।

মনে মনে বাস্তব সমস্যার সমাধান করা দিয়ে শুরু করে/ সক্রিয় কাজের মাধ্যমে গুণ শেখা হবে। গুণফল ৯৯৯ বা তার চেয়ে কম হবে।

* তিন অঙ্কের সংখ্যাকে ৫ পর্যন্ত এক অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করতে শেখা।

### (৩) সুষম জ্যামিতিক চিত্র বিষয়ে ধারণা তৈরি ও সেই ধারণা কাজে লাগিয়ে মজার খেলা করা :

* সরলরেখা, ত্রিভুজ, আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র, বৃত্ত-এর নাম জানা ও আঁকা।
  ত্রিভুজ, আয়ত, বর্গ, বৃত্ত-এই সব দ্বিমাত্রিক চিত্র ও একটা সরলরেখা নিয়ে খেলা করা।
* আকারের ছন্দ (দ্বিতীয় শ্রেণির ধারাবাহিকতায়, একটু জটিল)

### (৪) কেনা-বেচা /টাকা-পয়সা বিষয়ক ধারণা স্পষ্ট করে তোলা :

প্রথমে সত্যিকারের টাকা পয়সা ব্যবহার করে, তারপর বাস্তব সমস্যা নিয়ে মনে মনে হিসাব করা দিয়ে যোগ ও বিয়োগের ধারণা গঠন শুরু হতে পারে। টাকা-পয়সা লেখার জন্য দশমিক ব্যবহার করা যাবে না। ৩ টাকা ৪০ পয়সা, ৭ টাকা ৫০ পয়সা— এভাবে লিখতে হবে।

## দ্বিতীয় পর্ব

### (৫) সংখ্যার জোড়- বিজোড়ের ধারণা গঠন করা

* বাস্তব জীবনের ধারণা (এক জোড়া কলা, এক জোড়া জুতো ইত্যাদি) ও সক্রিয় কাজের মাধ্যমে এক অঙ্কের সংখ্যার জোড়-বিজোড় শেখা।
* বাস্তব জীবনের ধারণা ও সক্রিয় কাজের মাধ্যমে দুই অঙ্কের সংখ্যার জোড়-বিজোড় শেখা।
* তিন অঙ্কের সংখ্যার জোড়-বিজোড় -এর নির্ণয়ের পদ্ধতি আবিষ্কার করতে শেখা।
* সংখ্যা নিয়ে মজা করতে করতে ২ ও ৩ দিয়ে বিভাজ্যতার ধারণা গঠন করা।
* দুটি জোড় সংখ্যার যোগফল/বিয়োগফল/গুণফল কী ধরনের সংখ্যা হয় তা শেখা।

### ৬) ৬ থেকে ১০ পর্যন্ত সংখ্যা দিয়ে গুণ ও ভাগ করতে শেখা

* ৬ থেকে ১০ পর্যন্ত নামতা গঠন করা ও গুণ করে বাস্তব সমস্যা সমাধানের মাধ্যমে নামতা অভ্যাস করা।
* ৬ থেকে ১০ পর্যন্ত সংখ্যা দিয়ে ২ অঙ্কের সংখ্যাকে ভাগ করা এবং বাস্তব সমস্যায় প্রয়োগ ও অভ্যাস করা।
* বাস্তব সমস্যার সমাধানে মানসাঙ্কের মাধ্যমে ভাগফল ০ আসবে এমন ভাগ করতে শেখা।
* বাস্তব সমস্যার সমাধানে যে কোনো ২ অঙ্কের সংখ্যাকে যে কোনো ১ অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করা। ঐ ধরনের সমস্যা গঠন ও সমাধান করা।

### (৭) তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ ও ভাগ করতে শেখা

* তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ করতে শেখা।
* তিন অঙ্কের সংখ্যাকে  এক অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করতে শেখা।
* ভাগশেষ থাকবে না, ভাগফলে কোনো '০' থাকবে না, প্রাসঙ্গিক মানসাঙ্ক দিয়ে শুরু করে এমন ভাগ শেখা।
* ভাগশেষ থাকবে না, ভাগফলে '০' থাকবে, প্রাসঙ্গিক  মানসাঙ্ক দিয়ে শুরু করে এমন ভাগ শেখা।
* ২ অঙ্কের সংখ্যাকে ভাগ করার সময় ভাগ ঠিক হয়েছে কিনা তা বিচার করতে শেখা।

ভাগশেষ থাকবে এমন ভাগের ক্ষেত্রে প্রথমে এক অঙ্কের ভাজ্য ও ভাজক নিয়ে মনে মনে হিসাব করে ও অঙ্ক করে বুঝে নিতে দিতে হবে যে ভাজক ও ভাগফলের গুণফলের সঙ্গে ভাগশেষ যোগ করে ভাজ্য পাওয়া যায়। তারপর ২ অঙ্কের ভাজ্য নিলে শেখার সুবিধা হতে পারে।

* তিন অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ বিষয়ক বাস্তব সমস্যা তৈরি করা ও সমাধান করা।
* তিন অঙ্কের সংখ্যাকে ভাগ করার সময় ভাগ ঠিক হয়েছে কিনা তা বিচার করতে শেখা।

## তৃতীয় পর্ব

### (৮) সময় পরিমাপ ও সময়ের যোগ-বিয়োগ :

* ঘড়ি ও ঘড়ির ছবি নিয়ে ঘন্টা-মিনিট-সেকেন্ড-এর ধারণা গঠন করা।
* ঘড়ি ও ঘড়ির ছবি ব্যবহার করে প্রাসঙ্গিক মানসাঙ্ক করা ও সময়ের বিয়োগ করা।

ঘড়ির ছবি দিয়ে আগে ঘন্টা মিনিট এর বিয়োগ শেখালে ভালো। ঘন্টা মিনিট এর বিয়োগে ৬০ মিনিটে ১ ঘন্টার ধারণা গঠন করা।

* ক্যালেন্ডার সামনে রেখে দিন-সপ্তাহ-মাস-বছরের ধারণা গঠন করা।
* ক্যালেন্ডার ও ক্যালেন্ডারের ছবি ব্যবহার করে বছর-মাস-দিনের প্রাসঙ্গিক মানসাঙ্ক করা ও বছর-মাস-দিনের যোগ বিয়োগ শেখা।

৪ বছরের ক্যালেন্ডার ব্যবহার করে লিপইয়ারের ধারণা গঠন করা।

**(৯) গড়-এর প্রাথমিক ধারণা (উত্তরে যেন ভগ্নাংশ না আসে)**

* বাস্তব ঘটনা প্রসঙ্গে কাছাকাছি দুটি সংখ্যার গড় নিয়ে মানসাঙ্ক করা ও তা থেকে সমভাগ বন্টনের ধারণা করে গড়ের ধারণা করা।
* যোগ ও ভাগ করে গড় করা ও মাঝামাঝি সংখ্যা খুঁজে গড় করা।
* গড় বিষয়ক বাস্তব সমস্যা তৈরি করা ও তার সমাধান করা।

**(১০) পর্যায়ক্রমিক গাণিতিক প্রক্রিয়া প্রয়োগ**

* এক অঙ্কের তিনটি সংখ্যা দিয়ে যোগ/বিয়োগ/গুণ ভাগের যেকোনো দুটি প্রক্রিয়া প্রয়োগের সমস্যা তৈরি করা ও সমাধান করা।
* দুই অঙ্কের তিনটি সংখ্যা দিয়ে যোগ/বিয়োগ/গুণ ভাগের যেকোনো দুটি প্রক্রিয়া প্রয়োগের সমস্যা তৈরি করা ও সমাধান করা।
* বন্ধনী ব্যবহারের প্রয়োজনীয়তা উপলব্ধি করা।

**(১১) সংখ্যার মিল বিষয়ক মজার অঙ্ক, সংখ্যা নিয়ে সহজ খেলা, আকারের ছন্দ নিয়ে কাজ**

* ক্যালেন্ডার নিয়ে নানা রকম মজা করতে শেখা।
* ২ ও ৩ অঙ্কের সংখ্যার নানা রকম সজ্জা ইত্যাদি।

প্রতি সপ্তাহ ৭ দিনে— এটা কাজে লাগিয়ে মজার খেলা ইত্যাদি।

# তৃতীয় শ্রেণি

## কাঙ্ক্ষিত সামর্থ্য

১। আহার , নিদ্রা , বিশ্রাম , নিয়মিত স্নান ও মলমূত্র ত্যাগ ইত্যাদি প্রতিদিনের সু-অভ্যাস গঠনে মনোনিবেশ করতে পারা , কিছু যোগাসন , ব্যায়াম ইত্যাদি করতে পারা ।

২। খাদ্য ও খাওযার যোগ্য নয় এরকম বিভিন্ন বস্তু সম্বন্ধে ধারণা লাভ করতে পারা ।

৩। গৃহে ও বিদ্যালয়ে পরিষ্কার - পরিচ্ছন্নতার সুফল / অপরিচ্ছন্নতার কু-ফল সম্পর্কে পরিপূর্ণ ধারণা লাভ করতে পারা।

৪। বিশুদ্ধ ও দূষিত জল সম্পর্কে বিশেষ ধারণা করতে পারা ।

৫। বিদ্যালয়ের ও গৃহের পরিবেশ পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সু-অভ্যাস গড়ে তুলতে পারা ।

৬। সংক্রামক রোগ সম্পর্কে সাধারণ ধারণা ও তার প্রতিষেধক সম্পর্কে সঠিকভাবে জানতে পারা ।

৭। স্বাস্থ্য ও পুষ্টি , স্বাস্থ্য ও খেলাধূলা , স্বাস্থ্য ও পরিবেশ - এসবের পারস্পরিক সম্পর্ক বুঝতে পারা। সস্তায় পুষ্টিলভ্যতা সম্বন্ধে জানতে পারা ।

৮। শারীরিক সক্ষমতার ধারণা ও স্বাস্থ্য গঠনের ধারণা।

৯। ব্যক্তিগত সুরক্ষার পদ্ধতি সম্পর্কে সঠিক ধারণা ।

১০। শারীরিক সক্ষমতার কার্ড ।

## বই প্রসঙ্গে

সকলের শারীরিক সক্ষমতা বৃদ্ধি , সু-অভ্যাস রপ্ত করতে শেখা , জীবনের ভিত গড়তে শেখা , ব্রতচারী থেকে ছড়ার ব্যায়াম , অ্যাথলেটিক্স থেকে জিমনাস্টিকস্ , খালি হাতের ব্যায়াম থেকে যোগাসন , পুষ্টিকর খাবারের গুণাগুণ থেকে কাটাফলের বিপদ - সবই থাকছে এক মলাটে ।

## নির্ধারিত পাঠ্যসূচি

**একক ১। প্রার্থনা সভা :**

প্রতিদিনের সমবেত হওয়া। প্রত্যেক দিন বিদ্যালয়ের শুরুতে প্রার্থনা সভায় সকল ছাত্রছাত্রী ও শিক্ষক - শিক্ষিকাদের উপস্থিতি বাধ্যতামূলক । প্রার্থনা সভা ১০ মিনিটের হবে । কৃত্যসূচি নিম্নরূপ :

১. শ্রেণিশিক্ষকের তত্ত্বাবধানে ছাত্রছাত্রীরা নিজ নিজ ক্লাস অনুসারে লাইনে দাঁড়াবে এবং শিক্ষক - শিক্ষিকাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করবে ।

২. ছাত্রছাত্রীরা প্রার্থনার জন্য শান্ত হয়ে দাঁড়াবে ও নীরবতা বজায় রাখবে।

৩. এরপর প্রার্থনা সংগীত গাওয়া হবে ।

৪. প্রধানশিক্ষক / প্রধানশিক্ষিকাসহ অন্যান্য শিক্ষক - শিক্ষিকারা ছাত্রছাত্রীদের হাত পায়ের নখ, পোষাক - পরিচ্ছদসহ ব্যক্তিগত পরিচ্ছন্নতা পরীক্ষা করে দেখবেন ।

৫. প্রধানশিক্ষক / প্রধানশিক্ষিকাসহ শিক্ষক-শিক্ষিকা বিদ্যালয় সম্পর্কিত নির্দেশ দেবেন । পালনীয় দিনের তাৎপর্য ব্যাখা করবেন।

৬. মনীষীদের বাণী পাঠ করবে একজন ছাত্র ও ছাত্রী ।

৭. বিদ্যালয়ের আসার পথের অভিজ্ঞতা বর্ণনা করবে একজন ছাত্র বা ছাত্রী ।

৮. তীব্র গরমের সময় বাদে সারা বছর তিন থেকে চারটি সৌন্দর্যমূলক খালি হাতের ব্যায়াম অনুশীলন করবে ।

৯. সুশৃঙ্খলভাবে নিজ নিজ শ্রেণিকক্ষে প্রবেশ।

১০. শ্রেণিকক্ষে কিছুসময়ের জন্য ধ্যান বা এতেকাব করানো যেতে পারে ।

**একক ২। সু-অভ্যাস :** ক) বিছানা ছেড়ে ওঠা থেকে ঘুমাতে যাওয়া । খ) পুষ্টিকর খাবার ।

**একক ৩। ব্রতচারী** : ক) মোদের বাংলাভূমির মাটি ।

**একক ৪। অনুকরণ জাতীয় খেলা :**

ক) পাখির মতো ওড়া। খ) এরোপ্লেনের মতো চলা। গ) গাছ থেকে আম পাড়া। ঘ) চিড়িয়াখানা দেখতে যাওয়া।

**একক ৫। শারীরিক সক্ষমতা বৃদ্ধির ব্যায়াম :**

ক) নমনীয়তা বৃদ্ধির ব্যায়াম । খ) সহনশীলতা বৃদ্ধির ব্যায়াম। গ) ক্ষিপ্রতা বৃদ্ধিকরণ ব্যায়াম। ঘ) পেশিশক্তি বৃদ্ধির খেলা । ঙ) পায়ের শক্তি বৃদ্ধির খেলা । চ) শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কার্ড প্রস্তুত - ৫০ মিটার দৌড় , দাঁড়িয়ে জোড়া পায়ে সামনে লাফানো, এক হাত তুলে জোড় পায়ে লম্বাভাবে লাফানো, সিটআপ , হারবার্ড স্টেপ টেস্ট, রিঅ্যাকসান টাইম, স্কিপিং ।

**একক ৬। কুচকাওয়াজ :** ক) পিছনে ফেরো। খ) পায়ের তাল রাখো। গ) চলতে চলতে পায়ের তাল রাখো। ঘ) থেমে যাও।

**একক ৭। বিনোদন মূলক খেলা :** ক) বিড়াল এবং ইঁদুর । খ) টিয়া ও কাকাতুয়া। গ) বিষাক্ত বল।

**একক ৮। ভঙ্গিগীতি :** ক) সারিনৃত্য ।

**একক ৯। আঞ্চলিক খেলা :** ক) লুকোচুরি । খ) ইচিং বিচিং।

**একক ১০। যোগাসন :** ক) তুলাদণ্ডাসন। খ) গোমুখাসন। গ) বজ্রাসন। ঘ) পিরামিড।

**একক ১১। প্রস্তুতিমূলক জিমনাস্টিকস্:**

ক) সামনে পেছনে পা ফাঁক করে বসা। খ) হাতের ওপর দাঁড়ানো। গ) পেছনে গড়ানো। ঘ) পাশে এক পায়ে ভারসাম্য।

**একক ১২। সৌন্দর্যমূলক ব্যায়াম :** ক) খালি হাতের ব্যায়াম : খালিহাতের ছয়টি ছন্দোমূলক ব্যায়ামের টেবিল । পা থেকে শুরু করে মাথা পর্যন্ত ব্যায়ামগুলি অনুশীলন করতে হবে। সৌন্দর্য বৃদ্ধির জন্য নানা রং এর ফিতে ব্যবহার করা যেতে পারে । খ) রিং ড্রিল।

**একক ১৩। অ্যাথলেটিক্স্ :** ক) দৌড় - স্বাভাবিক শরীর চালনা করা, ঘাড়ের ব্যায়াম , হাতের ও কাঁধের ব্যায়াম , কোমর-এর ব্যায়াম , দৌড়ানোর গতিবেগ বৃদ্ধির জন্য অনুশীলন। খ) ওন ইওর মার্কস-এর ভঙ্গিমা, সেট ও ফায়ার-এর ভঙ্গিমা। গ) দৌড়ের কৌশলগত বিষয়। ঘ) দীর্ঘ লম্ফন- দৌড়ে আসা , মাটি ছেড়ে ওঠা , হাওয়াতে ভাসা, মাটিতে নামা । ঙ) উচ্চ লম্ফন - দৌড়ে আসা, মাটি ছেড়ে ওঠা , ক্রসবার অতিক্রম করা , মাটিতে নামা ।

**একক ১৪। ব্যক্তিগত সুরক্ষার খেলা** :

ক) কাটা ফল । খ) আগুন থেকে বাঁচতে শেখা । গ) বন্যা থেকে বাঁচতে শেখা । ঘ) জল সংরক্ষণ ।

**একক ১৫। মূল্যবোধের শিক্ষা** : ক) নীতি শিক্ষা।

**একক ১৬। দেশীয় খেলা :** ক) খো-খো।

**একক ১৭। একদিনের শিবির ।**